

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ
চীফ টেকনিক্যাল ম্যানেজারের কার্যালয়
ন্যাশনাল ইলেকট্রোমেডিক্যাল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স
ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং সেন্টার নিমিউ অ্যান্ড টিসি
মহাখালী, ঢাকা- ১২১৩।
www.nememw.gov.bd

স্মারক নং: ৪৫.০৭.০০০০.০০৭.৩৯.০০৩.২০- ৪২৬২

তারিখ: ১৬/০৩/২০২২খ্রি.


বিষয়: নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : চীফ টেকনিক্যাল ম্যানেজার
স্থান : চীফ টেকনিক্যাল ম্যানেজারের অফিস কক্ষ।
তারিখ ও সময় : ১৩ মার্চ ২০২২, সোমবার সকাল ১১:০০ ঘটিকা।
সভায় অংশগ্রহণকারী : পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং টেকনিক্যাল ম্যানেজার (ট্রেনিং) ও সভার সদস্য সচিব-কে সভার কার্যপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে সদস্য-সচিব সভায় ধারাবাহিকভাবে আলোচ্য বিষয় উপস্থাপন করেন। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	ই-টেন্ডারিং এর মাধ্যমে এ দপ্তরের ক্রয়কার্য বাস্তবায়ন	ই-টেন্ডারিং এর মাধ্যমে এ দপ্তরের ক্রয়কার্য বাস্তবায়ন করা হবে।	টেকনিক্যাল ম্যানেজার (ট্রেনিং)
২	অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ	অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণের লক্ষ্যে AMIS সফটওয়্যার ব্যবহার করে অভিযোগ নিষ্পত্তি করার জন্য কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।	টেকনিক্যাল ম্যানেজার (ট্রেনিং)
৩	২০২১-২০২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	২০২১-২০২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।	টেকনিক্যাল ম্যানেজার (ট্রেনিং)
৪	ই-ফাইলে নথি নিষ্পত্তির হার বৃদ্ধি	ই-ফাইলে নথি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	সহকারী প্রকৌশলী (ইলেকট্রনিক্স)
৫	হাসপাতালের ভারী যন্ত্রপাতি পরিদর্শন ও পরিবীক্ষণ	হাসপাতালের ভারী যন্ত্রপাতি পরিদর্শন ও পরিবীক্ষণ করতে হবে।	শাখা ইনচার্জ (সকল) ও টেকনিক্যাল ম্যানেজার (রিপেয়ার)
৬	ওয়েবসাইট হালনাগাদকরণ	নিয়মিত সেবা বন্ধ যাচাইপূর্বক সকল শাখার তথ্যাবলী হালনাগাদকরণে আরও সচেতন হতে হবে।	সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)
৭	শুদ্ধাচার পুরস্কার প্রদান ও পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ	শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত যাচাই-বাছাই কমিটি গঠন করা হবে।	চীফ টেকনিক্যাল ম্যানেজার

আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


আব্দুল্লাহ আল মাসুদ
উপসচিব ও

চীফ টেকনিক্যাল ম্যানেজার
নিমিউ অ্যান্ড টিসি
ফোন: +৮৮০২৫৮৮১০৬১৩

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। টেকনিক্যাল ম্যানেজার (ট্রেনিং), নিমিউ অ্যান্ড টিসি ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি।
- ৩। শাখা ইনচার্জ (যান্ত্রিক/বিদ্যুৎ), নিমিউ অ্যান্ড টিসি ও সদস্য, নৈতিকতা কমিটি।
- ৪। প্রশাসনিক কর্মকর্তা, নিমিউ অ্যান্ড টিসি ও সদস্য, নৈতিকতা কমিটি।
- ৫। ওয়েবসাইট/অফিসকপি।